

# মাদক মামলায় এক দম্পতির যাবজ্জীবন কারাদণ্ড

2023-05-02

👁 20

টাঁপাইনবাবগঞ্জে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়েরকৃত একটি মামলায় স্ত্রী জিন্না খাতুন (৩০) ও স্বামী মো. ফাজেলকে (৩৭) যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। একই সাথে উভয়কে ২০ হাজার টাকা করে জরিমানা অনাদায়ে ৬ মাস বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেন আদালত।

মঙ্গলবার বিকেল সাড়ে ৩টায় টাঁপাইনবাবগঞ্জের দায়রা জজ মোহা. আদীব আলী আসামিদের উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন।

আসামিরা টাঁপাইনবাবগঞ্জ শহরের বটতলাহাট জোড়গাছি মহল্লার বাসিন্দা।

রাষ্ট্রপক্ষের আইনজীবী নাজমুল আজম জানান, ২০২১ সালের ১০ ডিসেম্বর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে জোড়গাছি এলাকার নিজ বাড়ি থেকে ৮০ গ্রাম হেরোইনসহ গ্রেপ্তার হয় জিন্না। এসময় তার স্বামী ফাজেল পলাতক ছিল। তাকে পরে গ্রেপ্তার করা হয়। এ ব্যাপারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক আসাদুর রহমান বাদী হয়ে ওই দিন সদর থানায় মামলা দায়ের করেন। মামলার তদন্ত কর্মকর্তা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক ইলিয়াস হোসেন ২০২২ সালের ২৭ জানুয়ারি উভয়কে অভিযুক্ত করে আদালতে অভিযোগপত্র দাখিল করেন।